# অংশগ্রহণকারীর তথ্য পত্র

## অ্যান্টিপ্লেটলেট সেকেন্ডারি প্রিভেনশন ইন্টারন্যাশনাল র‍্যান্ডমাইজড স্টাডি আফটার ইন্ট্রাসেরিব্রাল হেমোরেজ

স্থানীয় গবেষণা টিমের NHS প্রতিষ্ঠান লোগো এখানে বসবে

### আমরা আপনাকে ASPIRING গবেষণায় অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানাচ্ছি

আপনি নিশ্চয়ই (www.ASPIRING.ed.ac.uk এর মাধ্যমে) ASPIRING ভিডিও দেখার এবং ASPIRING ফাস্ট ফ্যাক্ট পড়ার সুযোগ পেয়েছেন।

ভিডিও এবং ফাস্ট ফ্যাক্ট-এ আমরা ব্যাখ্যা করেছি যে কেন আপনাকে আমন্ত্রণ জানানো হয়েছে। আমরা আপনাকে ব্রেন হেমোরেজ এবং এর ঝুঁকিসমূহ সম্পর্কে তথ্য প্রদান করেছি। আমরা কেন এই গবেষণাটি করছি এবং আপনি অংশগ্রহণ করলে কী হবে সে সম্পর্কে ব্যাখ্যা করেছি।

- এই লিফলেটের উদ্দেশ্য হলো অংশগ্রহণ সংক্রান্ত সিদ্ধান্তের ব্যাপারে আপনাকে সাহায্য করা।
- গবেষণার উদ্দেশ্য এবং এতে কী কী অন্তর্ভুক্ত আছে এগুলো আপনার জন্য বুঝা জরুরি।
- অনুগ্রহ করে সময় নিয়ে নিম্নলিখিত তথ্য পড়ুন।
- চাইলে অন্যদের সাথেও আপনি গবেষণাটির ব্যাপারে আলোচনা করতে পারেন।
- কোনো বিষয় অস্পষ্ট মনে হলে অথবা আরো তথ্য চাইলে আমাদের সাথে যোগাযোগ করুন।
- আপনি সামনাসামনি, একটি অনুমোদিত ভিডিও কনফারেন্সিং সিস্টেমের মাধ্যমে, অথবা টেলিফোনে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন বা সম্মতি প্রদান করতে পারেন।
- অংশগ্রহণের সিদ্ধান্ত গ্রহণের জন্য যতটুকু সময় আপনার লাগে নিন।

| এই লিফলেটের বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|
| এই গবেষণার উদ্দেশ্য কী? | 3 |
| আমাকে কেন অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে? | 5 |
| আমাকে কি অংশগ্রহণ করতেই হবে? | 6 |
| আমি অংশ নিলে কী হবে? | 6 |
| আমাকে কি কিছু করতে হবে বা এড়িয়ে চলতে হবে? | 11 |
| অংশগ্রহণ করার সম্ভাব্য সুবিধাগুলো কী? | 11 |
| অংশগ্রহণ করার সম্ভাব্য অসুবিধাগুলো কী? | 11 |
| কোনো সমস্যা দেখা দিলে কী হবে? | 12 |
| আমি গবেষণায় অংশগ্রহণ করা চালিয়ে যেতে না চাইলে কী হবে? | 12 |
| গবেষণা শেষ হওয়ার পর কী হবে? | 12 |
| আমার অংশগ্রহণের বিষয়টি কি গোপন রাখা হবে? | 13 |
| আমরা কিভাবে আপনার সম্পর্কিত তথ্য ব্যবহার করবো? | 14 |
| আপনার তথ্যের ব্যবহার বিষয়ে আপনার পছন্দগুলো কী? | 17 |
| আপনার তথ্যের ব্যবহার সম্পর্কে আপনি কোথা থেকে আরো জানতে পারবেন? | 18 |
| গবেষণার ফলাফল নিয়ে কী করা হবে? | 18 |
| এই গবেষণাটি কে আয়োজন করছেন এবং কে অর্থায়ন করছেন? | 19 |
| এই গবেষণাটি কে পর্যালোচনা করেছেন? | 19 |
| আরো তথ্যের জন্য আমি কার সাথে যোগাযোগ করতে পারি? | 20 |

# এই গবেষণার উদ্দেশ্য কী?

ব্রেন হেমোরেজের কারণে রক্ত জমাট বাঁধা সম্পর্কিত ঝুঁকি বৃদ্ধি পায়।

- মস্তিষ্কের রক্তক্ষরণের কারণে যে স্ট্রোক হয়, যা "ব্রেন হেমোরেজ" নামে পরিচিত, তাতে প্রতি বছর বিশ্বে 3 মিলিয়নেরও বেশি মানুষ আক্রান্ত হন।
- বিশ্বে সর্বমোট 20 মিলিয়নেরও বেশি মানুষ আছেন যারা ব্রেন হেমোরেজের শিকার হয়ে বেঁচে আছেন। এদের মধ্যে 86,000 জন যুক্তরাজ্যে বাস করেন।
- ব্রেন হেমোরেজে আক্রান্ত হয়ে বেঁচে থাকা লোকেরা তাদের সমবয়সী ও সমলিঙ্গের যারা আক্রান্ত হননি তাদের তুলনায় হার্ট অ্যাটাক বা স্ট্রোকের দ্বিগুণ ঝুঁকিতে আছেন রক্তের জমাট বাঁধার সমস্যার কারণে।
- ডাক্তাররা রক্তচাপ কমানোর ওষুধের সাহায্যে এই সমস্যাগুলো প্রতিরোধ করার চেষ্টা করেন।
- রক্তচাপ কমানোর ওষুধ সেবন করা সত্ত্বেও প্রতি বছর প্রতি 10 জন ব্রেন হেমোরেজে আক্রান্ত ব্যক্তির মধ্যে প্রায় 1 জন রক্ত জমাট বাঁধাজনিত কারণে হার্ট অ্যাটাক বা স্ট্রোকের শিকার হন।

"সর্বোত্তম চিকিৎসা সেবা প্রদান করা সত্ত্বেও, ব্রেন হেমোরেজের পর বেঁচে যাওয়া রোগীরা স্ট্রোক, হার্ট অ্যাটাক, এবং রক্তপাত ও রক্ত জমাট বাঁধা সংক্রান্ত আরো ঝুঁকিতে থেকে যান। আমরা জানার আপ্রাণ চেষ্টা করছি যে **অ্যাসপিরিন** বা **ক্লোপিডোগ্রেল** ব্রেন হেমোরেজের পর এই সমস্যাগুলো প্রতিরোধ করতে পারে কিনা।"

**অধ্যাপক** Rustam Salman, ASPIRING-**এর প্রধান অনুসন্ধানকারী**

## এই অনুসন্ধানমূলক গবেষণার উদ্দেশ্য কী?



র‍্যান্ডমাইজড বা এলোমেলোভাবে নিয়ন্ত্রিত গবেষণাগুলোকে বলা হয় চিকিৎসা প্রদানের সবচেয়ে নিরপেক্ষ পরীক্ষা।

- এই গবেষণাগুলো থেকে জানা গেছে যে হার্ট অ্যাটাক বা স্ট্রোকের শিকার রোগীরা অ্যাসপিরিন বা ক্লোপিডোগ্রেলের মতো অ্যান্টিপ্ল্যাটলেট ওষুধের দ্বারা উপকৃত হয়েছেন।
- এই ওষুধগুলো রক্তকে পাতলা করে রক্তের জমাট বাঁধা প্রতিরোধ করে, তবে এতে রক্তপাতের ঝুঁকিও সামান্য বৃদ্ধি পায়।
- সামগ্রিকভাবে, এই ওষুধগুলো ক্ষতির চেয়ে উপকারই করে বেশি, আর তাই আদর্শ চিকিৎসায় রক্তের জমাট বাঁধা প্রতিরোধে এগুলো ব্যবহৃত হয়।

ব্রেন হেমোরেজের পর অনেক স্ট্রোক আর হার্ট অ্যাটাকের ঘটনা ঘটে রক্ত জমাট বাঁধার কারণে, সুতরাং **অ্যাসপিরিন** বা **ক্লোপিডোগ্রেল** এগুলো প্রতিরোধে সহায়ক হতে পারে। তবে, ডাক্তাররা নিশ্চিত নন যে ব্রেন হেমোরেজে আক্রান্ত ব্যক্তিদেরকে অ্যাসপিরিন বা ক্লোপিডোগ্রেল দেওয়া যাবে কিনা।

- সেজন্যে আমরা REstart বা STop অ্যান্টিথ্রোম্বোটিক্স র‍্যান্ডোমাইজড ট্রায়াল (REstart or STop Antithrombotics Randomised Trial) নামে একটি গবেষণা করেছিলাম, যা “RESTART” নামে পরিচিত। “RESTART” ছিলো যুক্তরাজ্যের 537 জন ব্রেন হেমোরেজের শিকার রোগীদের নিয়ে একটি এলোমেলোভাবে করা বা র‍্যান্ডোমাইজড গবেষণা। অংশগ্রহণকারী ব্যক্তিদের রক্ত জমাট বাঁধার কারণে রক্তের প্রবাহকে বাধাগ্রস্ত করে এমন রোগ ছিলো।
- RESTART এই ব্যক্তিদেরকে দুটি গ্রুপে বিভক্ত করে: অর্ধেক লোককে **অ্যাসপিরিন** বা **ক্লোপিডোগ্রেল** সেবন করার জন্য উৎসাহিত করা হয়েছিলো, এবং বাকি অর্ধেককে অ্যান্টিপ্ল্যাটলেট ওষুধ এড়িয়ে চলতে উৎসাহিত করা হয়েছিলো।
- আমরা আশাব্যঞ্জক ফলাফল হিসাবে দেখেছিলাম যে RESTART -এর যারা অ্যাসপিরিন বা ক্লোপিডোগ্রেল সেবন করা শুরু করেছিলেন তাদের মধ্যে খুব কম সংখ্যক লোকই যারা অ্যান্টিপ্ল্যাটলেট ওষুধ সেবন করেননি তাদের তুলনায় আরেকবার ব্রেন হেমোরেজের

শিকার হয়েছেন। অ্যাসপিরিন ও ক্লোপিডোগ্রেল তুলনামূলক কম সংখ্যক ভাস্কুলার সমস্যা সৃষ্টি করেছে বলেও মনে হয়েছে।

- RESTART সম্পর্কে আপনি আরো জানতে পারবেন www.RESTARTtrial.org থেকে।
- RESTART-এর ফলাফলগুলো প্রতিশ্রুতিশীল। কিন্তু আরো বড় একটি এলোমেলোভাবে নিয়ন্ত্রিত গবেষণা করা প্রয়োজন জানার জন্য যে শুধুমাত্র আদর্শ চিকিৎসার তুলনায়, এর সাথে এই ওষুধগুলোর কোনো একটি যোগ করলে সেটি গ্রহণযোগ্যভাবে নিরাপদ হয় কিনা এবং ব্রেন হেমোরেজ আক্রান্ত আরো বেশি লোককে সাহায্য করতে পারে কিনা।

এই গবেষণাকে বলা হয় **ASPIRING** যা বিশ্লেষণ করলে দাঁড়ায় "অ্যান্টিপ্লেটলেট সেকেন্ডারি প্রিভেনশন ইন্টারন্যাশনাল র‍্যান্ডোমাইজড স্টাডি আফটার ইন্ট্রাসেরিব্রাল হেমোরেজ"

- ASPIRING হবে ব্রেন হেমোরেজের পরে অ্যাসপিরিন ও ক্লোপিডোগ্রেলের ব্যবহার বিষয়ক সবচেয়ে বড় ও সবচেয়ে নির্ভরযোগ্য গবেষণা। এতে বিশ্বজুড়ে চার হাজারেরও বেশি লোক অংশ নেবেন।
- এই গবেষণাটির উদ্দেশ্য হলো অ্যাসপিরিন বা ক্লোপিডোগ্রেল ব্রেন হেমোরেজের পরে আক্রান্ত মানুষের জন্য সহায়ক হয় কিনা সে সম্পর্কে নির্ভরযোগ্য তথ্য উপস্থাপন করা। ASPIRING এর ফলাফলগুলো ভবিষ্যতে ডাক্তাররা ব্রেন হেমোরেজে আক্রান্ত রোগীদেরকে যে নিয়মিত চিকিৎসা প্রদান করবেন তাকে প্রভাবিত করতে পারে। যদি ASPIRING থেকে দেখা যায় যে অ্যাসপিরিন বা ক্লোপিডোগ্রেল কার্যকরী, তাহলে সেটি প্রতি বছর সারা বিশ্বের হাজার হাজার ব্রেন হেমোরেজের রোগীকে আরেকটি বড় ধরনের ভাস্কুলার সমস্যা থেকে রক্ষা করতে পারে।

## আমাকে কেন অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে?

আপনাকে আমন্ত্রণ জানানোর কারণ হলো আপনি মস্তিষ্কের রক্তক্ষরণের ফলে স্ট্রোকের শিকার হয়েছেন এবং বর্তমানে আপনি রক্ত পাতলাকারী কোনো ওষুধ সেবন করছেন না।

## আমাকে কি অংশগ্রহণ করতেই হবে?

- না, অংশগ্রহণ করা না করার সিদ্ধান্ত সম্পূর্ণ আপনার উপরে।
- যদি আপনি অংশগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেনই, তাহলে আপনাকে এই তথ্য পত্র প্রদান করা হবে এবং একটি সম্মতি ফর্মে স্বাক্ষর করতে বলা হবে।
- আপনার পক্ষে সহজ হলে আপনি পরে টেলিফোনে বা ভিডিও কলেও সম্মতি জানাতে পারবেন।
- যদি আপনি অংশগ্রহণ করার সিদ্ধান্ত নেন, এরপরে আপনি যেকোনো সময় কোনো কারণ না দেখিয়েই নিজেকে প্রত্যাহার করে নিতে পারবেন।
- অংশগ্রহণ না করার সিদ্ধান্ত অথবা পরে নিজেকে প্রত্যাহার করে নেওয়ার সিদ্ধান্তের কারণে আপনার নিয়মিত স্বাস্থ্য সেবা বা আপনার আইনি অধিকারের উপর কোনো বিরূপ প্রভাব পড়বে না।

## আমি অংশ নিলে কী হবে?

**তথ্য ও সম্মতি**



আপনার হাসপাতালের একটি গবেষণা টিম আপনার সাথে বসে এই তথ্য পত্রটি পড়বেন এবং আপনার কোনো প্রশ্ন থাকলে সেগুলোর জবাব দেবেন। এতে আনুমানিক 15 মিনিট সময় লাগবে।



আপনি চাইলে আপনার পরিচিতজন, আত্মীয় বা বন্ধুবান্ধবের সাথে এই গবেষণার ব্যাপারে আলোচনা করতে পারেন এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য যত সময় প্রয়োজন আপনি নিতে পারেন।



আপনি রাজি হলে আমরা আপনাকে একটি সম্মতি ফর্মে স্বাক্ষর করতে বলবো। স্বাক্ষরিত সম্মতি ফর্মের একটি কপি এবং এই অংশগ্রহণকারীর তথ্য পত্র আমরা আপনাকে সরাসরি অথবা ইমেইল প্রদান করবো।

অংশগ্রহণের ব্যাপারে আপনার সিদ্ধান্ত যাই হোক না কেন, আপনি ঠিক একই রকম আদর্শ চিকিৎসা পেয়ে যাবেন, এবং গবেষণায় আপনাকে ওষুধ গ্রহণের জন্য নির্বাচিত করা হলে সাথে সেই গবেষণার ওষুধও আপনি পাবেন।

## আপনার ও আপনার চিকিৎসা ইতিহাস সম্পর্কে তথ্য সংগ্রহ

একটি গবেষণার টিম আপনাকে আপনার স্বাস্থ্য সম্পর্কে কিছু সাধারণ প্রশ্ন জিজ্ঞাসা করবেন, আপনার চিকিৎসা ইতিহাস থেকে কিছু তথ্য সংগ্রহ করবেন, এবং আপনার ব্রেন স্ক্যানের একটি কপি ইউনিভার্সিটি অভ এডিনবোরোতে প্রেরণ করবেন যাতে তারা গবেষণা করে দেখতে পারেন স্ক্যানের উপস্থাপন অনুসারে লোকেরা অ্যাসপিরিনের প্রতি ভিন্ন ভিন্ন প্রতিক্রিয়া দেখায় কিনা।

তারা আপনার সাথে এবং আপনার চিহ্নিত ঘনিষ্টজনের সাথে যোগাযোগের বিবরণ রেকর্ড করে রাখবেন যারা আপনার অগ্রগতি সম্পর্কে তথ্য প্রদানের ব্যাপারে সম্মতি দিয়েছেন; যদি সুরক্ষা সংক্রান্ত নতুন কোনো তথ্য আসে, অথবা গবেষণা বন্ধ হয়ে যায়, তাহলে সে সম্পর্কে জানানোর জন্য আমরা এই তথ্য ব্যবহার করতে পারবো।

জিপির সাথে নিবন্ধিত প্রত্যেকের নিজস্ব স্বতন্ত্র একটি নম্বর রয়েছে। স্কটল্যান্ডে একে বলা হয় CHI নম্বর এবং যুক্তরাজ্যের বাকি সকল জায়গায় একে বলা হয় NHS নম্বর। আমরা আপনার CHI/NHS নম্বর সংগ্রহ করে রাখবো কারণ এতে আপনাকে ফলো-আপের জন্য সঠিকভাবে চিহ্নিত করতে সুবিধা হবে।

## এলোমেলোভাবে চিকিৎসা নির্ধারণ করা

এলোমেলো পদ্ধতিতে করা গবেষণাগুলো হলো চিকিৎসার সবচেয়ে নিরপেক্ষ পরীক্ষা কারণ প্রত্যেক রোগীকে এলোমেলোভাবে একেকটি গ্রুপে অন্তর্ভুক্ত করার কারণে প্রত্যেকটি গ্রুপে একই ধরনের রোগীরা থাকেন যার ফলে নিরপেক্ষভাবে তুলনা করা যায় কোন গ্রুপটি অপেক্ষাকৃত ভালো করছে। প্রতিটি গ্রুপে অন্তর্ভুক্ত হওয়ার সম্ভাবনা সমান, বা 50%, যা "50:50" হিসাবেও পরিচিত, অর্থাৎ:

আপনার **অ্যাসপিরিন বা ক্লোপিডোগ্রেল শুরু করার** সম্ভাবনা ততটুকুই যতটুকু সম্ভাবনা আছে **অ্যান্টিপ্ল্যাটলেট ওষুধ সেবন না করার**।

- কে কোন চিকিৎসা পাবে সেটি আমরা বাছাই করি না।
- দুটি গ্রুপের মধ্যে একমাত্র ভিন্ন বিষয়টি হবে গবেষণাধীন চিকিৎসাটি।
- যে গ্রুপেই থাকেন না কেন, আপনার স্বাভাবিক চিকিৎসা চলমান থাকবে।
- ASPIRING-এ আপনার গবেষণার টিম আপনার সম্পর্কিত কিছু তথ্য গোপনে এডিনবোরোর ASPIRING সমন্বয়কারী সেন্টারে প্রেরণ করবে; এ সম্পর্কে নিচে "কিভাবে আমরা আপনার সম্পর্কিত তথ্য ব্যবহার করবো?" অংশে বিবরণ রয়েছে।
- এরপর, কম্পিউটার সিস্টেম এলোমেলোভাবে আপনাকে অ্যাসপিরিন বা ক্লোপিডোগ্রেল শুরু করার, অথবা অ্যান্টিপ্ল্যাটলেট ওষুধ শুরু না করার গ্রুপে অন্তর্ভুক্ত করবে।
- আপনি জানবেন কোন গ্রুপে আপনি অন্তর্ভুক্ত হয়েছেন।
- আপনি যদি অ্যাসপিরিন বা ক্লোপিডোগ্রেল শুরু করার গ্রুপে হন, তাহলে আপনাকে আপনার হাসপাতাল কনসালটেন্টের বাছাইকৃত ওষুধ সেবনের পরামর্শপত্র দেওয়া হবে যা আপনি একদিনের মধ্যে প্রতিদিন মুখে খাওয়ার ট্যাবলেট হিসাবে গ্রহণ করা শুরু করবেন।
- তারা আপনার অংশগ্রহণের ব্যাপারে আপনার চিকিৎসা প্রদানকারী জেনারেল প্র্যাক্টিশনার (জিপি) এবং অন্য ডাক্তারদেরকে লিখিতভাবে অবহিত করবেন যাতে তারা গবেষণার শেষ পর্যন্ত আপনাকে গবেষণা কর্তৃক নির্ধারিত চিকিৎসা দিয়ে যেতে পারেন।

## চিকিৎসা মেনে চলা

নির্ধারিত গ্রুপের চিকিৎসা অনুসরণ করা আপনার জন্য খুবই গুরুত্বপুর্ণ যাতে গবেষণার ফলাফল নির্ভরযোগ্য হয়। তবে, ডাক্তারের সাথে আলোচনা সাপেক্ষে এটি পরিবর্তন করা যেতে পারে যদি আপনার কোনো পার্শ্ব প্রতিক্রিয়া হয় অথবা আপনার নতুন কোনো স্বাস্থ্য সমস্যা দেখা দেয় যার জন্য ডাক্তার নিশ্চিত করেন যে রক্ত পাতলাকারী ওষুধ শুরু করা বা বন্ধ করা দরকার।

## ভবিষ্যতে আপনি কেমন থাকবেন তা পরীক্ষা করা

- গবেষণার মাধ্যমে জানা প্রয়োজন আপনি কেমন করছেন যাতে গবেষকরা বুঝতে পারেন কোন চিকিৎসা গ্রুপটি সবচেয়ে ভালো। আপনাকে হাসপাতালে ফিরে আসতে হবে না।
- আপনার হাসপাতাল ত্যাগ করার সময়, অথবা পুনর্বাসন ইউনিটে স্থানান্তরিত হওয়ার সময় হাসপাতালের ডাক্তাররা ASPIRING-এর সমন্বয়কারী সেন্টারে আপনার স্বাস্থ্য ও আপনার নতুন অবস্থান সম্পর্কে তথ্য প্রেরণ করবেন।
- ASPIRING হাসপাতালে ভর্তি, ওষুধের প্রেসক্রিপশন, ওষুধ বিতরণ, মৃত্যুর রেকর্ড এবং NHS ইংল্যান্ড-এর মতো NHS সংস্থাগুলোর কাছে সংরক্ষিত অন্যান্য তথ্যের মাধ্যমে আপনার অগ্রগতির প্রতি নজর রাখবে যা আমাদেরকে জানতে সাহায্য করবে অ্যান্টিপ্ল্যাটলেট ওষুধ সেবন করা সবচেয়ে ভালো নাকি সেগুলো এড়িয়ে চলা।
- ASPIRING টিম আপনার বিস্তারিত বিবরণ (জন্ম তারিখ, পোস্টকোড, হাসপাতাল নম্বর, এবং NHS / CHI নম্বর) নিয়মিত NHS ইংল্যান্ড এবং স্কটল্যান্ড ও ওয়েলসের অন্যান্য NHS সংস্থায় প্রেরণ করবেন যারা এই তথ্য আপনার স্বাস্থ্য রেকর্ডের সাথে যুক্ত করবেন এবং আমাদেরকে ফেরত পাঠাবেন। এর ফলে আমরা জানতে পারবো গবেষণার অংশগ্রহণকারীরা কেমন করছেন বা কেমন আছেন।
- **সুতরাং, আমরা আপনাকে নিয়মিত ফলোআপ ভিজিটের জন্য আবার হাসপাতালে আসতে বলবো না।**
- আমরা গবেষণার শেষ পর্যন্ত প্রত্যেক অংশগ্রহণকারীর অগ্রগতির দিকে এক থেকে পাঁচ বছর খেয়াল রাখতে চাই। গবেষণা শেষ হওয়ার পর এই তথ্য আমরা ইউনিভার্সিটি অভ এডিনবোরোতে 5 বছর নিরাপদে ও গোপনে সংরক্ষণ করে রাখবো।

## অন্যান্য ওষুধ বিষয়ক গবেষণা

যদি আপনি ASPIRING-এ যোগ দেন, তাহলে আপনি অন্যান্য ওষুধ বিষয়ক আরো এলোমেলোভাবে নিয়ন্ত্রিত গবেষণাসমূহেও যোগ দিতে পারেন যদি উভয় গবেষণার টিম আপনার একই সময়ে উভয় গবেষণায় অংশ নেওয়ার ব্যাপারে একমত হন।

## আমার নিয়মিত ওষুধের ব্যাপারে কী হবে?



ASPIRING যদি আপনাকে অ্যাসপিরিন বা ক্লোপিডোগ্রেল সেবন করার গ্রুপে অন্তর্ভুক্ত করে, তাহলে আপনার ডাক্তার বিবেচনা করে দেখবেন আপনার নিয়মিত ওষুধগুলোর কোনোটি পরিবর্তন করা প্রয়োজন কিনা। যদি না হয়, তাহলে আপনি আপনার নিয়মিত ওষুধগুলো চালিয়ে যেতে পারবেন।

## গর্ভাবস্থা

- যদি আপনি নারী হন এবং আপনার সন্তান ধারণের সম্ভাবনা থাকে, তাহলে এই গবেষণায় অংশগ্রহণ করার আগে আপনাকে অবশ্যই গর্ভাবস্থার পরীক্ষার একটি নেগেটিভ ফলাফল পেতে হবে।
- যদি আপনি গর্ভবতী না হন, অথবা বুকের দুধ খাওয়ান, তাহলে আপনাকে অবশ্যই এই অতি কার্যকর জন্মনিয়ন্ত্রণ পদ্ধতিগুলির মধ্যে অন্তত একটি অনুসরণ করতে হবে: সম্মিলিত (ইস্ট্রোজেন ও প্রোজেস্টোজেনযুক্ত) হরমোনাল গর্ভনিরোধক যা ডিম্বস্ফোটন প্রতিরোধ করে, -শুধুমাত্র প্রোজেস্টোজেন হরমোনাল গর্ভনিরোধক যা ডিম্বস্ফোটন প্রতিরোধ করে, ইন্ট্রোটেরাইন ডিভাইস, ইন্ট্রোটেরাইন হরমোন-রিলিজিং সিস্টেম, উভয় ফ্যালোপিয়ান টিউবের অবরুদ্ধকরণ, পুরুষ সঙ্গী যার ভ্যাসেকটমি করানো আছে, অথবা যৌন সহবাস এড়িয়ে চলা।

## যদি আরো সংশ্লিষ্ট তথ্য আসে তাহলে কী হবে?

যদি আরো কোনো নতুন তথ্য আসে যা গবেষণায় আপনার অংশগ্রহণ চালিয়ে যাওয়ার সিদ্ধান্তকে প্রভাবিত করতে পারে, তাহলে আমরা ইমেইল বা ডাকযোগে সেগুলো আপনাকে জানাবো।

## অংশগ্রহণের জন্য কি আমাকে কোনো অর্থ প্রদান করা হবে?

অংশগ্রহণের জন্য আপনাকে কোনো অর্থ প্রদান করা হবে না। বাণিজ্যিক উদ্দেশ্যেও যদি গবেষণার ফলাফল/তথ্য ব্যবহার করা হয়, তাহলেও আপনি আর্থিকভাবে উপকৃত হবেন না।

## আমাকে কি কিছু করতে হবে বা এড়িয়ে চলতে হবে?

**যদি আপনাকে অ্যাসপিরিন বা ক্লোপিডোগ্রেল গ্রহণ করার জন্য নির্বাচিত করা হয়:** আপনাকে অবশ্যই সেটি নিরাপদে আপনার বাসায় সংরক্ষণ করতে হবে এবং আপনার সাথে বাস করেন এমন কারো সাথে আপনি সেটি ভাগাভাগি করবেন না।

**যদি আপনাকে আদর্শ সাধারণ চিকিৎসার জন্য এবং অ্যান্টিপ্ল্যাটলেট ওষুধ এড়িয়ে চলার জন্য নির্বাচিত করা হয়:** আপনি অ্যাসপিরিন বা ক্লোপিডোগ্রেল সেবন করবেন না যদি না আপনার এমন কোনো স্বাস্থ্য সমস্যা দেখা দেয় যার জন্য আপনার ডাক্তার নিশ্চিত করেন যে আপনার রক্ত পাতলাকারী ওষুধ গ্রহণ করা প্রয়োজন।

## অংশগ্রহণ করার সম্ভাব্য সুবিধাগুলো কী?



গবেষণায় অংশগ্রহণ করার ফলে আপনি সরাসরি কোনো সুবিধা পাবেন না। গবেষণা থেকে প্রাপ্ত ফলাফল ভবিষ্যতে অন্যদেরকে চিকিৎসা প্রদানে সাহায্য করবে।

## অংশগ্রহণ করার সম্ভাব্য অসুবিধাগুলো কী?

**সাধারণ চিকিৎসায় ব্যবহৃত ওষুধের অসুবিধাসমূহ**

- গবেষণার টিম ব্যাখ্যা করবেন যে ASPIRING-এ ব্যবহৃত অ্যান্টিপ্ল্যাটলেট ওষুধের ঝুঁকি সাধারণ চিকিৎসায় ব্যবহার করার ঝুঁকিগুলোর মতোই।
- অ্যাসপিরিনের সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো হলো রক্তপাত বৃদ্ধি পাওয়ার প্রবণতা এবং বদহজম।
- ক্লোপিডোগ্রেলের সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া হলো রক্তপাত বৃদ্ধি পাওয়ার প্রবণতা।

**গবেষণার অসুবিধাসমূহ**

গবেষণার ভিজিটগুলোর সময়টুকু আপনার কাছে অসুবিধাজনক মনে হতে পারে।

গবেষণায় অংশগ্রহণের আগে আপনাকে বিবেচনা করে দেখতে হবে যে এর ফলে আপনার কোনো বীমা করানো থাকলে সেটি ক্ষতিগ্রস্ত হবে কিনা এবং এ বিষয়ে পরামর্শ গ্রহণ করতে

হবে। ক্লিনিকাল গবেষণায় অংশগ্রহণের ফলে কিছু বীমা ক্ষতিগ্রস্ত হতে পারে (যেমন ভ্রমণ বীমা, জীবন বীমা, গুরুতর অসুস্থতার কভার)। অংশগ্রহণের আগে প্রয়োজন হলে পরামর্শ গ্রহণ করুন।

## কোনো সমস্যা দেখা দিলে কী হবে?

- গবেষণার যেকোনো বিষয় নিয়ে যদি আপনার কোনো উদ্বেগ থাকে, তাহলে অনুগ্রহ করে এই লিফলেটের শেষের দিকে প্রদত্ত যোগাযোগের বিবরণ থেকে সবচেয়ে উপযুক্ত ব্যক্তিকে খুঁজে বের করুন যিনি আপনার প্রশ্নের উত্তর দিতে পারবেন।
- খুব বিরল ক্ষেত্রে যদি কোনো ভুল হয় এবং গবেষণা চলাকালে কারো অবলহেলার কারণে আপনি ক্ষতিগ্রস্ত হন, তাহলে এই লিফলেটের শেষের দিকে বর্ণিত NHS সংস্থাগুলোর বিরুদ্ধে আপনি আইনি ভিত্তিতে ক্ষতিপূরণ চাইতে পারেন, তবে আপনাকে আপনার আইনি প্রক্রিয়া চালানোর খরচ বহন করতে হতে পারে।
- সাধারণ NHS অভিযোগ ব্যবস্থাও আপনার জন্য বিদ্যমান থাকবে (উপযুক্ত হলে)।

## আমি গবেষণায় অংশগ্রহণ করা চালিয়ে যেতে না চাইলে কী হবে?

STOP

নিজেকে প্রত্যাহার করে নেওয়ার সিদ্ধান্ত নিলে অনুগ্রহ করে আপনার স্থানীয় গবেষণা টিমের সাথে যোগাযোগ করুন। প্রত্যাহার করে নেওয়ার আগ পর্যন্ত সংগৃহীত তথ্য ASPIRING সংরক্ষণ করবে।

## গবেষণা শেষ হওয়ার পর কী হবে?

আপনার সম্পর্কিত বেনামী তথ্য অনির্দিষ্টকাল রেখে দেওয়া হবে যাতে গবেষকরা আবারও সেগুলো দেখতে পারেন।

এর ফলে আমরা অ্যাসপিরিন বা ক্লোপিডোগ্রেলের দীর্ঘমেয়াদী প্রভাব নিয়ে গবেষণা করতে পারবো। এর ফলে আমরা গবেষণা সংশ্লিষ্ট আরো প্রশ্নও চিহ্নিত করতে পারবো যা হয়ত এখন আমাদের মনে আসবে না যদি না আবারও এই গবেষণাটি করা হয়।

গবেষণা শেষ হওয়ার পরে, আপনি অ্যাসপিরিন/ক্লোপিডোগ্রেল চালিয়ে যাবেন কিনা সেটি আপনার বিবেচনার বিষয়। আপনার জিপির সাথে এ নিয়ে আলোচনা করতে হবে কারণ আপনার সিদ্ধান্তের উপর ASPIRING -এর ফলাফলের প্রভাব থাকতে পারে।

## আমার অংশগ্রহণের বিষয়টি কি গোপন রাখা হবে?

গবেষণা চলাকালে সংগৃহীত সকল তথ্য গোপন রাখা হবে এবং সকল পর্যায়ে আপনার গোপনীয়তা রক্ষায় কঠোর আইন বজায় থাকবে।

ইউনিভার্সিটি অভ এডিনবোরোর একটি টিম ASPIRING পরিচালনা করেন যারা আপনার তথ্যের সুরক্ষার দিকে খেয়াল রাখবেন। এই টিম তথ্যের প্রক্রিয়াকরণ ও সুরক্ষার দায়িত্বে আছেন। এই টিমে রয়েছেন চিকিৎসা, হিসাব ও প্রশাসনিক কর্মীরা যাদের সকলেরই আপনার গোপনীয়তা রক্ষা করা বিষয়ে একটি কর্তব্য রয়েছে। আপনার সম্পর্কিত শনাক্তযোগ্য তথ্য গোপনে সুরক্ষিত NHS নেটওয়ার্কের মাধ্যমে এডিনবোরোর ASPIRING সমন্বয়কারী সেন্টারে প্রেরণ করা হবে।

নিম্নের বিবরণ অনুযায়ী, আপনার শনাক্তযোগ্য তথ্য গবেষণার ডেটাবেসে আপনার স্বাস্থ্য তথ্য থেকে আলাদা একটি অংশে রাখা হবে।

আপনার তথ্য (আপনার ব্যক্তিগত তথ্য) সার্ভারে গবেষণার ডেটাবেসে সুরক্ষিতভাবে সংরক্ষণ করা হবে যা ইউনিভার্সিটি অভ এডিনবোরো হোস্ট করে। আপনার মনোনীত প্রতিনিধির সাথে যোগাযোগের তথ্য আপনার সরাসরি ক্লিনিকাল কেয়ার টিম আপনার NHS রেকর্ডে সংরক্ষণ করবেন। গবেষণার ডেটাবেস সংশ্লিষ্ট নিয়মনীতি এবং স্পন্সর স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর অনুসারে হবে। শুধুমাত্র গবেষণা টিমের প্রশিক্ষিত ও অনুমোদিত সদস্যদেরকে গবেষণার ডেটাবেসে পাসওয়ার্ড-সুরক্ষিত অ্যাক্সেস প্রদান করা হবে। NHS এর অভ্যন্তরে ও গবেষণায় সম্পৃক্ত অন্যান্য প্রতিষ্ঠানকে তথ্য প্রদান ও প্রক্রিয়াকরণের ক্ষেত্রে আমরা GDPR এবং ডেটা প্রোটেকশন অ্যাক্ট 2018 এবং ক্যালডিকট নীতি মেনে চলি। ইউনিভার্সিটি অভ এডিনবোরো/ NHS লোদিয়ান হলো ডেটা নিয়ন্ত্রক।

# আমরা কিভাবে আপনার সম্পর্কিত তথ্য ব্যবহার করবো?

এই গবেষণামূলক প্রোজেক্টের জন্য আমাদেরকে আপনার প্রদত্ত এবং আপনার মেডিকেল রেকর্ড থেকে প্রাপ্ত তথ্য ব্যবহার করতে হবে।

আমরা আপনার CHI নম্বর অথবা NHS নম্বর সংগ্রহ করবো। মনে রাখবেন যে CHI হলো একটি জনসংখ্যা বিষয়ক রেজিস্টার যা স্কটল্যান্ডে স্বাস্থ্য সেবা সংক্রান্ত উদ্দেশ্যে ব্যবহৃত হয়। CHI স্বতন্ত্রভাবে রেজিস্টারে একজন ব্যক্তিকে শনাক্ত করতে পারে এবং এটি ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য। আপনার CHI নম্বর অথবা NHS নম্বর সংগ্রহ করা হচ্ছে যাতে আমরা আপনাকে আপনার মেডিকেল রেকর্ডে চিহ্নিত করতে পারি।

সংগৃহীত অন্যান্য ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্যের মধ্যে থাকবে:

- আপনার নাম
- জন্ম তারিখ
- ঠিকানা, টেলিফোন নম্বর এবং ইমেইল
- জন্মের সময় নির্ধারিত লিঙ্গ পরিচয়
- জাতিগততা
- সংশ্লিষ্ট চিকিৎসা সম্পর্কিত তথ্য
- কিছু আর্থসামাজিক তথ্য
- প্রতিনিধিদের সাথে যোগাযোগের তথ্য যারা মনোনীত হওয়ার জন্য সম্মতি দিয়েছেন।

এই তথ্য নিরাপদে সংরক্ষণ করা হবে এবং শুধুমাত্র গবেষণার জন্য অনুমোদিত ব্যক্তিরা দেখতে পারবেন অথবা গবেষণা ঠিকমতো চলছে তা নিশ্চিত করার জন্য আপনার রেকর্ড যাচাই করতে পারবেন।

যাদের আপনার পরিচয় জানার প্রয়োজন নেই তারা আপনার নাম বা যোগাযোগের তথ্য দেখতে পারবেন না। এর পরিবর্তে আপনার ডেটায় একটি কোড নম্বর দেওয়া থাকবে।

আপনার অগ্রগতি কেমন হচ্ছে সে সম্পর্কিত তথ্য আমরা অন্যান্য উৎস থেকে নিতে পারি যেমন অফিস ফর ন্যাশনাল স্ট্যাটিস্টিকস (ONS) / ন্যাশনাল রেকর্ডস অভ স্কটল্যান্ড (NRS), NHS সেন্ট্রাল রেজিস্টার, এবং NHS ইংল্যান্ড, পাবলিক হেলথ স্কটল্যান্ড এবং ওয়েলসের SAIL ডেটাব্যাংক দ্বারা পরিচালিত অন্যান্য রেজিস্ট্রি। আপনার অগ্রগতি সম্পর্কে আপনার জিপির সাথে যোগাযোগ করার সময় আমরা আপনাকে শনাক্ত করবো যাতে নিশ্চিত করতে পারি যে আমরা সঠিক ব্যক্তির সাথেই যোগাযোগ করছি। ASPIRING-এ সম্পৃক্ত হাসপাতালগুলোকে গবেষণার স্পন্সর অথবা নিয়ন্ত্রণকারী সংস্থাগুলোর দ্বারা করা গবেষণার প্রক্রিয়া সম্পর্কিত আনুষ্ঠানিক যাচাই-বাছাইয়ের জন্য তথ্য দিতে হতে পারে। বিশ্লেষণের আগে সকল শনাক্তকারী তথ্য সরিয়ে ফেলা হবে। কোনো মেডিকেল জার্নালে গবেষণার ফলাফল সংক্রান্ত প্রতিবেদন জমা দিলে সেখানে আমরা আপনাকে শনাক্ত করবো না। আপনার অধিকার আছে আপনার সম্পর্কিত যে তথ্য আমাদের কাছে তার সঠিকতা যাচাই করার এবং কোনো ভুল থাকলে সেগুলো সংশোধন করার।

আমাদেরকে আপনি যে তথ্য দেবেন তা গুরুত্বপূর্ণ এবং সেগুলো বিভিন্ন কারণে অন্যান্য গবেষণার জন্যেও সহায়ক হতে পারে: গবেষণা যে পিয়ার স্ক্রুটিনির জন্য উন্মুক্ত এটি তা নিশ্চিত করে, ভালো মানের গবেষণা তথ্যের সবচেয়ে ভালো ব্যবহার করে, নীতি ও অন্যান্য সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে, এবং গবেষকদেরকে তথ্য পুনঃপরীক্ষা করার মাধ্যমে খুঁজে দেখতে সাহায্য করে গবেষণা চলাকালীন বা পরের প্রাপ্ত নতুন ধারণাগুলো সত্য কিনা। আপনার তথ্য যাতে বেনামী করে জনস্বার্থমূলক আরো গবেষণার কাজে ব্যবহার করা যায় সে জন্য NHS প্রতিষ্ঠান আপনার শনাক্তযোগ্য তথ্যগুলোকে একটি অনন্য বেনামী কোড দিয়ে প্রতিস্থাপন করবেন। এর ফলে আপনার তথ্যকে আপনার স্বাস্থ্য সংক্রান্ত রেকর্ড সহ নিয়মিত সংগৃহীত তথ্যের সাথে যুক্ত করা যাবে। এরপর এই তথ্য বেনামী রূপে একটি সুরক্ষিত পরিবেশে গবেষণার জন্য ব্যবহার করা যাবে।

## আন্তর্জাতিক স্থানান্তর

ASPIRING-এ সংরক্ষিত আপনার অ-শনাক্তযোগ্য তথ্য আমরা যুক্তরাজ্যের বাইরে বিশ্বের যেকোনো স্থানের অন্যান্য গবেষককেও দিতে পারি যাতে গবেষণা সংশ্লিষ্ট প্রশ্নসমূহের উত্তর পেতে সুবিধা হয়। যদি এমন ঘটে, আমরা কেবলমাত্র প্রয়োজনীয় তথ্যটুকু প্রদান করবো।

আমরা এও নিশ্চিত করবো যে যতদূর সম্ভব আপনাকে যেন প্রদত্ত তথ্য থেকে শনাক্ত করা  না যায়। কিছু নির্দিষ্ট পরিস্থিতিতে এটি নিশ্চিত করা সম্ভব নাও হতে পারে – যেমন, যদি আপনার কোনো বিরল অসুস্থতা থেকে থাকে তাহলে আপনাকে শনাক্ত করা সম্ভব হতে পারে।
যুক্তরাজ্যের বাইরে যদি আপনার তথ্য পাঠানো হয়, তাহলে সেগুলো এমন সব হাসপাতাল বা উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানকে দেওয়া হবে যারা একটি তথ্য আদানপ্রদান সম্পর্কিত চুক্তি স্বাক্ষর করেছেন।
আমরা আপনার তথ্যের সুরক্ষা নিশ্চিত করবো। যুক্তরাজ্যের বাইরে যারাই আপনার তথ্য দেখবেন বা ব্যবহার করবেন তাদেরকে আমাদের নির্দেশনা মেনে চলতে হবে যাতে করে যুক্তরাজ্যের আইনের অনুরূপ মাত্রার সুরক্ষা আপনার তথ্যের ক্ষেত্রে সবখানে কার্যকর থাকে। নিম্নলিখিত পদক্ষেপগুলোর মাধ্যমে আমরা নিশ্চিত করবো যেন যুক্তরাজ্যের বাইরেও আপনার তথ্য নিরাপদ থাকে:

- তথ্য আদানপ্রদানে জড়িত কিছু কিছু দেশে একটি পর্যাপ্ততা সংক্রান্ত সিদ্ধান্ত কার্যকর থাকে। এর অর্থ হলো যে আমরা জানি ঐ সকল দেশের আইনেও যুক্তরাজ্যের আইনে প্রদত্ত সুরক্ষার মতোই সুরক্ষা প্রদান করা হয়।
- আমরা যুক্তরাজ্যে ব্যবহার করার জন্য অনুমোদিত কিছু নির্দিষ্ট চুক্তি ব্যবহার করি যা ব্যক্তিগত তথ্যকে যুক্তরাজ্যের সমপরিমাণ সুরক্ষা প্রদান করে। আরো তথ্যের জন্য ইনফরম্যাশন কমিশনার'স অফিস (ICO) এর ওয়েবসাইট দেখুন।
- যুক্তরাজ্যের বাইরে যারা আপনার তথ্য ব্যবহার করবে, তাদের সাথে লিখিত চুক্তিতে তথ্য ব্যবহারের যে উদ্দেশ্য উল্লেখ আছে সেটি ছাড়া অন্য কোনো উদ্দেশ্যে তথ্য ব্যবহারের অনুমতি আমরা তাদেরকে দেই না।
- আমরা চাই অন্যান্য প্রতিষ্ঠানেরও যেন আপনার তথ্য সুরক্ষার জন্য যথাযথ নিরাপত্তা ব্যবস্থা কার্যকর থাকে যা আমাদের তথ্য সুরক্ষা ও গোপনীয়তা সম্পর্কিত বাধ্যবাধকতার সাথে সামঞ্জস্যপূর্ণ। এর মধ্যে অন্তর্ভুক্ত আছে দুর্ঘটনাজনিত ক্ষতি এবং অননুমোদিত অ্যাক্সেস, ব্যবহার, পরিবর্তন অথবা আদানপ্রদানের বিরুদ্ধে তথ্য সুরক্ষায় যথাযথ পদক্ষেপ রাখা।
- ব্যক্তিগত তথ্যের সন্দেহভাজন গোপনীয়তা লঙ্ঘন মোকাবেলায় আমাদের বিভিন্ন পদ্ধতি বিদ্যমান রয়েছে। আইনত যখন জানাতে হবে তখন আমরা আপনার তথ্যের

গোপনীয়তা লঙ্ঘন হলে আপনাকে ও প্রযোজ্য নিয়ন্ত্রকদেরকে জানাবো। যুক্তরাজ্যে গোপনীয়তা লঙ্ঘনের বিষয়ে অবহিত করার নিয়ম সম্পর্কে আরো জানতে দেখুন ICO ওয়েবসাইট।

গবেষণা শেষ হওয়ার পর কিছু তথ্য আমরা রাখবো যাতে ফলাফল যাচাই করতে পারি। আমরা এমনভাবে প্রতিবেদন তৈরি করবো যাতে কেউ বুঝতে না পারে যে আপনি গবেষণায় অংশগ্রহণ করেছিলেন।

## আপনার তথ্যের ব্যবহার বিষয়ে আপনার পছন্দগুলো কী?

যেকোনো সময় আপনি কোনো কারণ না দেখিয়েই গবেষণায় আপনার অংশগ্রহণ থামিয়ে দিতে পারেন, তবে সেই পর্যন্ত আপনার ব্যাপারে সংগৃহীত তথ্য আমরা আমাদের কাছে রেখে দেবো।

আপনি যদি গবেষণায় অংশগ্রহণ থামিয়ে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন, তাহলে আমরা সেন্ট্রাল NHS রেকর্ড থেকে আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য সংগ্রহ করা চালিয়ে যেতে চাইবো। যদি আপনি এমনটি না চান, তাহলে আমাদেরকে জানান এবং আমরা সেটি বন্ধ করে দেবো।
গবেষণার উদ্দেশ্যে আমাদের কাছে আপনার যে সকল তথ্য থাকবে সেগুলো সরিয়ে ফেলতে, পরিবর্তন করতে অথবা মুছে ফেলতে বলার অধিকার আপনার আছে। আমরা সবসময় সেটি নাও করতে পারি যদি এর মানে হয় যে আমরা গবেষণায় আপনার তথ্য ব্যবহার করতে পারবো না। এরকম হলে আমরা আপনাকে জানাবো যে কেন আমরা সেটি করতে পারবো না।
যদি আপনি এই গবেষণায় অংশ নিতে রাজি হন, তাহলে আপনি গবেষণা টিমকে (স্পন্সরকারী প্রতিষ্ঠানের অভ্যন্তরে) আপনার সাথে যোগাযোগের তথ্য নিরাপদে সংরক্ষণ করে রাখার সুযোগ দিতে পারেন এবং অন্যান্য নীতিগতভাবে অনুমোদিত অনুসন্ধানমূলক গবেষণার জন্য আপনার সাথে যোগাযোগ করার ব্যাপারে সম্মতি দিতে পারেন। শুধুমাত্র এই গবেষণা টিমের একজন সদস্য আপনার সাথে যোগাযোগ করবেন এটা জানার জন্য যে আপনি আরেকটি গবেষণায় অংশ নিতে আগ্রহী কিনা। এরপর আপনার যোগাযোগের তথ্য ইউনিভার্সিটি অভ এডিনবোরো এবং/অথবা NHS লোদিয়ানের অভ্যন্তরে আরেকটি গবেষণা টিমকে দেওয়ার ব্যাপারে আপনার মৌখিক সম্মতি গ্রহণ করা হবে। যোগাযোগ করার অনুমতি দেওয়া মানেই এই নয় যে আপনি আরো কোনো গবেষণায় অংশগ্রহণ করতে বাধ্য।

## আপনার তথ্যের ব্যবহার সম্পর্কে আপনি কোথা থেকে আরো জানতে পারবেন?

আপনার তথ্যের ব্যবহার সম্পর্কে আপনি আরো জানতে পারবেন:

- www.hra.nhs.uk/patientdataandresearch-তে একটি লিফলেটে
- কোনো একটি গবেষণা টিমকে জিজ্ঞাসা করে (এই তথ্য পত্রের সর্বশেষ পৃষ্ঠা দেখুন)
- Dpo@ed.ac.uk (ইউনিভার্সিটি অভ এডিনবোরো ডেটা প্রোটেকশন অফিসার)-এই ঠিকানায় ইমেইল পাঠিয়ে

## গবেষণার ফলাফল নিয়ে কী করা হবে?



গবেষণার ফলাফল পেশাদার জার্নালে প্রকাশের জন্য জমা দেওয়া হবে।

গবেষণা শেষে আমরা আপনার সাথে আলাদাভাবে যোগাযোগ করবো না, তবে আমরা গবেষণার অগ্রগতি সম্পর্কিত তথ্য এবং চূড়ান্ত ফলাফল সাধারণ জনগণের জন্য উপযুক্ত একটি রূপে প্রকাশ করবো আমাদের ASPIRING ওয়েবসাইটে: www.ASPIRING.ed.ac.uk। গবেষণার ফলাফল প্রকাশ করার সময় আপনাকে ব্যক্তিগতভাবে চেনা যায় এমন কোনো স্বতন্ত্র তথ্য আমরা অন্তর্ভুক্ত করব না।

# এই গবেষণাটি কে আয়োজন করছেন এবং কে অর্থায়ন করছেন?

- ইউনিভার্সিটি অভ এডিনবোরো এবং NHS লোদিয়ান এই গবেষণা স্পন্সর করছে।
- ব্রিটিশ হার্ট ফাউন্ডেশন ইউনিভার্সিটি অভ এডিনবোরোকে একটি অনুদান প্রদানের মাধ্যমে ASPIRING পরিচালনার জন্য অর্থায়ন করছে।
- অধ্যাপক Rustam Salman হলেন এই গবেষণার ভারপ্রাপ্ত প্রধান অনুসন্ধানকারী।

# এই গবেষণাটি কে পর্যালোচনা করেছেন?

NHS-এর সকল গবেষণা রিসার্চ এথিক্স কমিটি (Research Ethics Committee) নামক একদল স্বাধীন ব্যক্তি পর্যবেক্ষণ করেন যাতে আপনার স্বার্থ সুরক্ষিত থাকে।

স্কটল্যান্ড এ রিসার্চ এথিক্স কমিটি (Scotland A Research Ethics Committee) এই গবেষণাটি পর্যালোচনা করেছেন এবং একটি অনুকূল মতামত প্রদান করেছেন। গবেষণায় অংশগ্রহণকারী সকলেই ইউনিভার্সিটি অভ এডিনবোরোর বীমা পলিসির আওতাধীন, যা গবেষণা শুরুর আগেই কার্যকর হতে হবে।

এই গবেষণা সাজানোর সময় আমরা এর বিষয়বস্তু সম্পর্কে রোগীদের মতামত বিবেচনা করেছি। দ্য রিসার্চ টু আন্ডারস্ট্যান্ড স্ট্রোক ডিউ টু হেমোরেজ (The Research to Understand Stroke due to Haemorrhage , RUSH) পেশেন্ট রেফারেন্স গ্রুপ, এবং অন্যান্য রোগীরা এই অংশগ্রহণকারীর তথ্যমূলক লিফলেট পর্যালোচনা করেছেন এবং মন্তব্য করেছেন। আপনি RUSH পেশেন্ট রেফারেন্স গ্রুপ সম্পর্কিত তথ্য পাবেন এখানে: www.RUSH.ed.ac.uk।

**সময় নিয়ে এই লিফলেট পড়ার জন্য এবং ASPIRING-এ অংশগ্রহণের কথা বিবেচনা করার জন্য আপনাকে ধন্যবাদ।**

# আরো তথ্যের জন্য আমি কার সাথে যোগাযোগ করতে পারি?

আপনি আপনার **স্থানীয় গবেষণা টিমের** সাথে আপনার অংশগ্রহণের ব্যাপারে যোগাযোগ করতে পারেন:

নাম লিখুন, পদবি লিখুন

ঠিকানা, ঠিকানা, ঠিকানা, ঠিকানা, ঠিকানা, ঠিকানা,

ঠিকানা, ঠিকানা, ঠিকানা, ঠিকানা, ঠিকানা, ঠিকানা, ঠিকানা লিখুন

টেলিফোন: লিখুন

কোনো প্রশ্ন থাকলে আপনি ASPIRING **গবেষণা টিমের** সাথে যোগাযোগ করতে পারেন:

**ওয়েবসাইট:** www.ASPIRING.ed.ac.uk

**ইমেইল:** Loth.ASPIRING@nhs.scot

**টেলিফোন:** 0131 537 2944

নিম্নলিখিত ব্যক্তির সাথে যোগাযোগ করে আপনি **স্বাধীন পরামর্শ** নিতে পারেন:

**নাম:** Dr Sarah Keir

**পদবি:** বয়স্কদের চিকিৎসায় কনসালটেন্ট চিকিৎসক

**ঠিকানা:** Western General Hospital, Edinburgh. EH4 2XU

**টেলিফোন:** 0131 465 9102

**আপনার NHS অঞ্চলে অভিযোগ দাখিলের জন্য** যোগাযোগের বিবরণ হলো:

লিখুন (ঠিকানা)

লিখুন (ঠিকানা)

লিখুন (ইমেইল ও টেলিফোন নম্বর)

**আনুষ্ঠানিক অভিযোগ** দাখিলের জন্য যোগাযোগের বিবরণ হলো:

**নাম:** NHS লোদিয়ান পেশেন্ট এক্সপেরিয়েন্স টিম (NHS Lothian Patient Experience Team)

**ঠিকানা:** Mainpoint, 102 Westport, Edinburgh, EH3 9DN

**টেলিফোন:** 0131 536 3370 (খোলা সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে দুপুর 2টা)

**ইমেইল:** Loth.Feedback@nhs.scot